গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রশাসন-১ অধিশাখা
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে অনুষ্ঠিত মে ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ মিজানুর রহমান
মহাপরিচালক
স্থান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ। -
তারিখ : ০৩.০৫.২০২৩ খ্রি.
সময় : সকাল: ৯.৩০ ঘটিকা
হাজিরা : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই ২০২২-২০২৩ অর্থ বছর সমাপ্তির পথে বিবেচনায় নিয়ে এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম সম্পন্নসহ দুর্যোগ সহনীয় ঘর নির্মাণ/বীরনিবাস/ কাবিখা/ কাবিটা/টিআর/ইজিপিপিসহ সকল উন্নয়নমূলক প্রকল্পের কাজ যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত তদারকি ও পরিদর্শন আরোও জোরদার করার পরামর্শ দেন। তাছাড়া বাংলাদেশের ভৌগলিক অবস্থানগত পেক্ষাপটে এ মৌসুমে ঘূর্ণিঝড় ও কালবৈশাখী ঝড়সহ বিভিন্ন দুর্যোগ ঘটে থাকে মর্মে জানান।, আবহাওয়া অধিদপ্তরের তথ্যমতে ঘূর্ণিঝড় "মোখা"র আঘাত হানার বিষয়টি অতি গুরুত্বের সাথে বিবেচনা করে যে কোন দুর্যোগ মোকাবেলার জন্য সব ধরনের প্রস্তুতি গ্রহণের অনুরোধ জানান। অত:পর সভাপতির সম্মতিক্রমে পরিচালক (প্রশাসন) বিগত ০২.০৪.২০২৩ খ্রি.তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী, সংযোজন বা বিয়োজন না থাকায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২. অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র. নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ই-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্র দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা। | ই-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্রসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে অধিক গুরুত্ব দিয়ে আলোচনা করা হয়। অধিদপ্তরের সাথে মন্ত্রণালয়ের এবং মন্ত্রণালয়ের সাথে অধিদপ্তরের পেন্ডিং পত্র দ্রুত নিষ্পত্তি এবং প্রস্তুতকৃত পত্র যথাসময়ে প্রাপকের নিকট পৌছালো কি-না তা খতিয়ে দেখে (ফলোআপ) নিষ্পত্তি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | i) ই-নথির পেন্ডিংসহ প্রতিদিনের ডাক-ফাইল স্ব-স্ব অধিশাখা প্রধানগণ প্রতিদিন দেখবেন এবং নিষ্পত্তির ব্যবস্থা করবেন।<br>ii)সকল কর্মকর্তা/ কর্মচারী প্রতিদিন ই-নথিতে লগ-ইন করবেন এবং সকল পেন্ডিং পত্র নিষ্পত্তির কার্যকরী পদক্ষেপ নিবেন, কোন সমস্যা হলে প্রয়োজনে প্রোগ্রামার এর সহযোগিতা নিতে হবে।<br>iii) ই-নথির উপর প্রশিক্ষণ আরো বৃদ্ধি করতে হবে এবং সংশ্লিষ্ট শাখার কমপক্ষে ৫০% নথি ই-নথিতে নিষ্পত্তির পদক্ষেপ নিতে হবে।<br>iv) অফিস পত্রে বিষয় এমনভাবে দিতে হবে যেন বিষয় পড়েই পত্র সম্পর্কে যথেষ্ট ধারনা পাওয়া যায়। অল্প শব্দে মুল বক্তব্য উপস্থাপনের কৌশল রপ্ত করতে হবে। ৬ থেকে ৭ লাইনের পরে নতুন প্যারা শুরু করতে হবে।<br>v) অধিদপ্তর হতে মন্ত্রণালয়ে প্রেরিত পত্র যা মন্ত্রণালয়ে কমপক্ষে এক মাসের অধিক সময় পেন্ডিং | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। |

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td></td><td></td><td>আছে, সে সকল পত্রের তালিকাসহ স্ব-স্ব শাখার পেন্ডিং তালিকা প্রতি মাসের ৩০/৩১ তারিখের মধ্যে এ অধিদপ্তরের প্রশাসন-১ অধিশাখায় প্রেরণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৩</td><td>বিভাগীয় মোকদ্দমা</td><td>(ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে চলমান বিভাগীয় মামলার বিবরণ নিম্নরূপ:
<table>
<tr><th>ক্রঃনঃ</th><th>মামলার নম্বর ও সন</th><th>পিআইও এর নাম</th><th>তদন্ত কর্মকর্তার নাম</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>১২/২১ (৮.০৬.২১)</td><td>মোঃ বাকি বিল্লাহ সহঃ প্রকৌঃ মুজিব কিল্লা</td><td>১ম শ্রেণিতে যোগদান না করা।</td><td>একই বিষয়ে আদালতে মামলা থাকায় স্থগিত আছে।</td></tr>
<tr><td>২</td><td>১৩/২১ (৮.৬.২১</td><td>মোঃ আনোয়ারুল ইসলাম সহঃ প্রকৌঃ মুজিব কিল্লা</td><td>১ম শ্রেণিতে যোগদান না করা।</td><td>ঐ</td></tr>
<tr><td>৩</td><td>১৪/২১ (৮.৬.২১</td><td>দিলীপ সেন প্রধান ভারঃ কর্মকর্তা, ত্রাণ গুদাম</td><td>১ম শ্রেণিতে যোগদান না করা।</td><td>ঐ</td></tr>
<tr><td>৪</td><td>৩৫/২০২২</td><td>জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন, পিআইও, দুমকি, পটুয়াখালী</td><td>জনাব মোঃ আশ্রাফুল ইসলাম, ডিআরআরও, গোপালগঞ্জ।</td><td>তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। কার্যক্রম চলমান।</td></tr>
</table>
(খ) মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ হালনাগাদ আছে।</td><td>(ক) i) বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>ii) তদন্ত প্রতিবেদনে দাখিলে বিলম্ব হলে তাগিদপত্র দিতে হবে।</td><td>(ক) উপপরিচালক (প্রশাসন-১/২)<br><br>উপপরিচালক (প্রশাসন-১/২)</td></tr>
<tr><td>৪</td><td>অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।</td><td>ক) ১৯৮৩-১৯৮৪ হতে ২০১৯-২০২০ পর্যন্ত এ অধিদপ্তরে মোট অডিট আপত্তির সংখ্যা ৩৫০টি। এ পর্যন্ত নিষ্পত্তি ২৬০টি। অনিষ্পন্ন ৯০টি। ৯০ টি আপত্তির মধ্যে ৮৬ টি আপত্তির নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব বিভিন্ন সময়ে মন্ত্রণালয় ও অডিট অফিসে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ০৪ টি আপত্তির মধ্যে ০৩ টির জবাব প্রস্তুত করা হয়েছে।<br>খ) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থ বছরে ফাপাড কর্তৃক উত্থাপিত ১৯২টি অডিট আপত্তির মধ্যে প্রাপ্ত ৩১টি অডিট আপত্তি ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট আপত্তির জবাব সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>গ) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের ইজিপিপির মোট অডিট আপত্তির সংখ্যা ১০৬২৫। অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ ও নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়।</td><td>(ক)অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত সর্বশেষ পরিপত্রের আলোকে রাজস্ব খাতের অবশিষ্ট ০৪টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির পদক্ষেপ নিতে হবে।<br><br>খ) ফাপাড কর্তৃক উত্থাপিত অডিট আপত্তির ব্রডশীট জবাব পাওয়ার সাথে সাথেই মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>ii) অবশিষ্ট অডিট আপত্তির জবাব সংশ্লিস্ট উপজেলা থেকে আগামী ১৫ মে'র মধ্যে সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা নিতে হবে, প্রয়োজনে জুমে (zoom) মিটিং করে পিআইওদের তাগিদ দিতে হবে।<br><br>গ) ইজিপিপির অডিট আপত্তিসমূহ উপজেলাওয়ারী জবাব পাওয়ার সাথে সাথেই ব্রডশীট জবাব প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>ক) প্রকল্প পরিচালক (SMoDMRP) / পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)/ কাবিখা ও উপপরিচালক (বা:/হি:)/</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা</th></tr>
<tr><td>৫</td><td>অকেজো গাড়ি নিলামে বিক্রয় ও গাড়ি ক্রয়</td><td>ক) অধিদপ্তরের বেইজমেন্টের ০৩টি, তেজগাঁও ত্রাণ গুদামে রক্ষিত ০৪টি এবং বিভিন্ন জেলার সাস নম্বরযুক্ত ১০টি গাড়িসহ মোট ১৭টি গাড়ি অকেজো ঘোষণার নিমিত্ত ইতোমধ্যে দরপত্র আহবান করে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদার বরাবরে কার্যাদেশ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে অধিদপ্তরের বেইজমেন্টের ০৩টি, তেজগাঁও ত্রাণ গুদামে রক্ষিত ০৪টি মোট ০৭ টি সরবরাহ দেয়া হয়েছে।<br>খ) বিভিন্ন প্রকল্পের যানবাহন টিওএন্ডইভূক্ত করে অধিদপ্তরে ব্যবহার বিষয়ে আলোচনা করা হয় এ বিষয়ে সহকারী পরিচালক (যান) বলেন সমাপ্তকৃত ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পের ০৩(তিন) টি জীপ, ০১) এক)টি মাইক্রোবাস এবং ১৫(পনেরো)টি মোটর বাইক পরিবহন পুলে জমা দেয়ার বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>ক) অবশিষ্ট গাড়ীগুলো দ্রুত সরবরাহ প্রদানের ব্যবস্থা নিতে হবে।<br>খ) মন্ত্রণালয় এবং পরিবহন পুলের সাথে যোগাযোগ করে সমাপ্তকৃত ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পের ০৩(তিন)টি জীপ, ০১) এক)টি মাইক্রোবাস এবং ১৫ (পনেরো)টি মোটর বাইক অধিদপ্তরে ব্যবহারের অনুমতি নেয়ার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন-২)/ সহ:পরিচালক (যান)</td></tr>
<tr><td>৬</td><td>মামলা সংক্রান্ত।</td><td>(ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (মন্ত্রণালয়সহ) চলমান মামলার বিবরণ নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র.ক.</th><th>মামলার ধরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>রিট</td><td>৮৫টি</td></tr>
<tr><td>২</td><td>সিপিএলএ</td><td>২২টি</td></tr>
<tr><td>৩</td><td>এটি</td><td>০৯টি</td></tr>
<tr><td>৪</td><td>এএটি</td><td>০৯টি</td></tr>
<tr><td>৫</td><td>আদালত অবমাননা</td><td>০৬টি</td></tr>
<tr><td>৬</td><td>সিএ</td><td>০৫টি</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>১৩৫টি</td></tr>
</table>
(i) মামলার তালিকা হালনাগাদ করে চলমান গুরুত্বপূর্ণ মামলা ও অকার্যকর মামলা চিহ্নিত করে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে এটি মামলা, রীট মামলাসহ অতি গুরুত্বপূর্ণ মামলাগুলো নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>(ক) অচল ও কার্যক্রমহীন মামলা বাদ দিয়ে মামলার রেজিস্টার আপডেট করতে হবে এবং মামলার সর্বশেষ অবস্থা হালনাগাদ রাখতে হবে।<br>(i) মামলার তালিকা হালনাগাদ করে চলমান গুরুত্বপূর্ণ এটি মামলা, রীট মামলাসহ অকার্যকর মামলা চিহ্নিত করে মামলাগুলো দ্রুত নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশমন)/ সহকারি পরিচালক (আইন)/</td></tr>
<tr><td>৭</td><td>কাবিখা, টিআর ও ইজিপিপি কর্মসূচি প্রসংগে।</td><td>(ক) ১. <u>কাবিখা/কাবিটা কর্মসূচি:</u> ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় এ পর্যন্ত ১ম পর্যায়ে মোট ৫০০,০০,০০,০০০/- টাকা, ৩৩,৩৩৩.৩৩৩ মে:টন চাল এবং ৩৩,৩৩৩.৩৩৩ মে:টন গম বরাদ্দ দেয়া হয়েছে। ২য় পর্যায়ে মোট ৫০০,০০,০০,০০০/- টাকা, ৩৩,৩৩৩.৩৩৩ মে:টন চাল এবং ৬৬,৬৬৬.৬৬৭ মে:টন গম বরাদ্দ দেয়া হয়েছে। তাছাড়া বিশেষ বরাদ্দ হিসেবে ৩৭ টি প্রকল্পে ১০,৫৬,৫০,৮৫৯/- টাকা বরাদ্দ দেয়া হয়েছে।<br>দুর্যোগ সহনীয় ঘর নির্মাণঃ ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর ও কাবিখা কর্মসূচির আওতায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য ৬০ টি জেলায় ২৪৬১৩টি দুর্যোগ সহনীয় ঘর নির্মাণের জন্য ৭১৩,১৯,৯৪,৫০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।<br><br>খ) <u>টি,আর কর্মসূচি-</u> ২০২২.২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় এ পর্যন্ত ১ম পর্যায়ে মোট ৪৮৩,৩৩,০০,০০০/- টাকা বরাদ্দ দেয়া হয়েছে। প্রকল্প গ্রহণের কাজ চলছে। ২য় পর্যায়ে মোট ২৫০,০০,০০,০০০/- টাকা বরাদ্দ দেয়া হয়েছে। তাছাড়া বিশেষ বরাদ্দ হিসেবে ৪ টি প্রকল্পে ১১,৩০,০০০/-</td><td>(ক) i) সরকারের সর্বশেষ নীতিমালা এবং এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে ১ম ও ২য় পর্যায়ে গৃহীত প্রকল্পের কাজ সরেজমিনে তদারকি/ মনিটরিং জোরদার করে সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>ii) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত এবং অগ্রাধিকারভুক্ত ভূমিহীন ও গৃহহীনদের জন্য নির্মিতব্য দুর্যোগ সহনীয় ঘর নির্মাণের কাজ সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে মনিটরিং/ তদারকি করতে হবে। এ সকল বাসগৃহ নির্মাণে যেন কোন কারচুপি বা অর্থ আত্মসাত না হয় সে দিকে কঠোরভাবে দৃষ্টি দিতে হবে।<br><br>(খ) (i) সরকারের সর্বশেষ নীতিমালা এবং এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে গৃহীত প্রকল্পের কাজ তদারকি/ মনিটরিং করতে হবে।</td><td>পরিচালক (কাবিখা)/ উপপরিচালক কাবিখা ১/২/৩)<br><br>পরিচালক (কাবিখা)<br><br>পরিচালক (কাবিখা)</td></tr>
</table>

D:\মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী mayl.23.doc

| ক্র. নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | টাকা বরাদ্দ দেয়া হয়েছে।<br>গ) ইজিপিপি: ২০২২-২০২৩ অর্থ বছরে ইজিপিপি কর্মসূচির বরাদ্দ পাওয়া গেছে। সংশ্লিষ্ট জেলাপ্রশাসক বরাবরে জিও জারি করা হয়েছে। ইজিপিপি + এ বছর কক্সবাজারসহ আরো ০৪টি জেলা অন্তর্ভুক্ত করা হয়েছে। ইজিপিপি + কর্মসূচির ১ম পর্যায়ের কাজ শেষ হয়েছে। ২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। | গ) i) সরকারের সর্বশেষ নীতিমালা ও নির্দেশিকা এবং এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ইজিপিপি+সহ সাধারণ ইজিপিপি'র কর্মসূচির কাজ বাস্তবায়নে সার্বক্ষণিক তদারকি ও মনিটরিং করতে হবে। শ্রমিক মজুরি পরিশোধে যেন কোন অনিয়ম বা বিলম্ব না হয় সে দিকে কঠোরভাবে পর্যবেক্ষণ করতে হবে।<br>ii) ইজিপিপি'র সকল বিল যথাসময়ে পরিশোধের ব্যবস্থা নিতে হবে।<br>iii) মাঠ পর্যায়ে পরিদর্শনে গেলে ইজিপিপি'র প্রকল্পও পরিদর্শন করতে হবে। | |
| ৮ | মূল্যায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত। | (ক) এ অধিদপ্তরের আওতাধীন ২০২২-২০২৩ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্পের মনিটরিং আরো জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়। ইতিমধ্যে দুর্যোগ সহনীয় ঘর নির্মাণ/ বীরনিবাস/কাবিখা/কাবিটা/টিআর/ইজিপিপিসহ সকল উন্নয়নমূলক প্রকল্পের কাজ যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত তদারকি ও পরিদর্শন বৃদ্ধি করার জন্য জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাসহ এ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের নিয়োজিত করে অফিস আদেশ জারী করা হয়েছে মর্মে উপপরিচালক (মূওপ) সভায় অবহিত করেন। ২০২২-২০২৩ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্পের মনিটরিং/ পরিদর্শনের অনুলিপি পরিচালক (মূওপ) বরাবরে প্রেরণের অনুরোধ জানানো হয়। | (ক) ২০২২-২০২৩ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্পের মনিটরিং/ পরিদর্শনের অনুলিপি পরিচালক (মূওপ) বরাবরে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।<br>(খ) কাবিখা/ কাবিটা/ টিআর/ ইজিপিপিসহ সকল উন্নয়নমূলক প্রকল্প সরকারী বিধি মোতাবেক তদারকি/পরিদর্শন করে তার প্রতিবেদন প্রেরণের জন্য সকল জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। এ বিষয়ে মূওপ উইং থেকে পুনরায় তাগিদ পত্র দিতে হবে। | পরিচালক (কাবিখা/ (মূওপ) ডিআরআরওগণ |
| ৯ | ভিজিএফ ও ঝুঁকিহ্রাস কর্মসূচি সংক্রান্ত। | (ক) পরিচালক (ভিজিডি) জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ভিজিএফ কর্মসূচির আওতায় এ পর্যন্ত ২,০০,৫০৭.৭০৫ মে.টন চাল বরাদ্দ দেয়া হয়েছে। উপকারভোগী মোট ২,০০,৫০,৬০৫ টি পরিবার।<br><br>(খ) ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ঋণ ও অনুদান হিসেবে মোট ১৪৫,৬৪,১৭,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।বিপরীতে এ পর্যন্ত সর্বমোট ৩৭,৭৩,৬১,৯৯৬ টাকা আদায় করা হয়েছে। এছাড়া সাময়িক বেকারত্ব মোচন তহবিলের আওতায় ঋণ ও অনুদান হিসেবে মোট ৪,৫০,০০,০০০/- (চার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত মোট আদায় ১,২৮,৬৬,৫৩৭/- এক কোটি আটাশ লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত সাঁইত্রিশ) টাকা। ঝুঁকিহ্রাস কর্মসূচি এবং সাময়িক বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী অর্থ আদায়ের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট টাস্কফোর্স গঠন করা হয়েছে। আদায় কার্যক্রম চলমান রয়েছে মর্মে উপপরিচালক (ভিজিডি) সভায় উল্লেখ করেন। | (ক) (i) ভিজিএফ কর্মসূচির খাদ্যশস্য বিতরণের সময়ে অধিদপ্তর ও মন্ত্রণালয়ের নাম সম্বলিত ব্যানার প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।<br>(খ) ঝুঁকিহ্রাস এবং বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী টাকা আদায়ের জোর প্রচেষ্টা গ্রহণ করতে হবে এবং ঝুঁকিহ্রাস এবং বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী টাকার জেলা ভিত্তিক হিসাব বিবরণী আগামী ০৯.০৬.২০২৩ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক বরাবরে উপস্থাপন করতে হবে এবং প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে টাকা আদায়ের প্রতিবেদন প্রেরণের জন্য ডিআরআরওগণকে পত্র দিতে হবে। | পরিচালক (ভিজিডি)<br><br>গঠিত টাস্ক-ফোর্স |
| ১০ | ত্রাণ কার্যক্রম সংক্রান্ত | (ক) ত্রাণ কর্মসূচি: ত্রাণ খাতে বরাদ্দকৃত অর্থদ্বারা সরকারি পরিপত্র অনুযায়ী যথাযথভাবে তাবু, ঢেউটিনসহ শুকনা খাবার ক্রয় কার্যক্রম সম্পন্ন করার সভায় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) i) বরাদ্দকৃত অর্থদ্বারা সরকারি পরিপত্র এবং স্পেসিফিকেশন অনুযায়ী যথাযথভাবে তাবুসহ | পরিচালক (ত্রাণ) |

| ক্র. নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | (খ) ঢেউটিন, গৃহ নির্মাণ বরাদ্দসহ জিআর চাল ও জিআর অর্থ সরকারি নিয়ম মোতাবেক বন্যা কবলিত জেলাসহ অন্যান্য জেলায় ছাড়করণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>গ) মহাজের সম্পত্তি উদ্ধারের নিমিত্ত দ্রুত পদক্ষপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে পরিচালক (ত্রাণ) বলেন যে, মোহাজের সম্পত্তি উদ্ধারে গঠিত টাস্কফোর্স এর কার্যক্রম এবং উদ্ধার কার্যক্রম চলমান রয়েছে। মোহাজের সম্পত্তির উপজেলা ভিত্তিক হালনাগাদ তথ্য প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে দায়িত্ব দেয়া হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট জেলার ডিআরআরও/পিআইওদের সাথে Zoom মিটিং অনুষ্ঠিত হয়েছে। | অন্যান্য ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) (i) ঢেউটিন, গৃহনির্মাণ বরাদ্দসহ জিআর চাল ও জিআর অর্থ সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের চাহিদার ভিত্তিতে সরকারি বিধি অনুযায়ী জেলাওয়ারী ছাড় করতে হবে।<br>ii) শীত মৌসুম শুরুর আগেই অক্টোবর মাসের মধ্যে শীত প্রবণ জেলাসমূহের ত্রাণ গুদামে পর্যাপ্ত সংখ্যক কম্বল মুজদের লক্ষ্যে ক্রয় ও সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>গ) আগামী জুন ২০২৩ এর মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাজের সম্পত্তি উদ্ধারে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। যে সকল জেলায় মোহাজের সম্পত্তি আছে সে সকল জেলার ডিআরআরওদের সাথে প্রয়োজনে অধিকতর Zoom মিটিং আহবানের ব্যবস্থা করতে হবে।<br>ঘ) এ অধিদপ্তরের মাধ্যমে বিভিন্ন জেলায় সরবরাহ করা স্পীডবোটের সঠিক সংখ্যাসহ বর্তমান অবস্থা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে, প্রয়োজনে সংশ্লিষ্ট জেলায় পত্র দিয়ে তথ্য সংগ্রহ করতে হবে। | পরিচালক (ত্রাণ) |
| ১১ | এমআইএম অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত। | (ক) ধরন ভিত্তিক দুর্যোগের ক্ষয়ক্ষতির তথ্যাদি সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে পরিচালক (এমআইএম) বলেন যে জানুয়ারি ২০২৩ হতে এ পর্যন্ত ৭২ জন লোক বজ্রপাতে মারা গেছেন।<br><br>খ) অধিদপ্তরের ওয়েব সাইট/ গ্যালারী নির্ভূলভাবে হালনাগাদ রাখার বিষয়ে আলোচনাকরা হয়।<br><br>গ) ইমারজেন্সি অপারেশন ড্যাশবোর্ড হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা। ইমারজেন্সি অপারেশন ড্যাশবোর্ড হালনাগাদকরণ বিষয়ে এ পর্যন্ত ০৪ টি জেলায় পিআইওদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে পরিচালক ( এমআইএম) সভায় জানান। | (ক) উপজেলা ওয়ারী দুর্যোগের ধরণ ভিত্তিক ক্ষয়ক্ষতির তথ্যাদিসহ মৃত মানুষ ও গবাদী পশুর তথ্যাদি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। ইউনিয়ন ভিত্তিক তথ্য সংরক্ষণের পদক্ষেপ নিতে হবে।<br>(খ) বিভিন্ন প্রকল্পের হালনাগাদ তথ্যসহ এ অধিদপ্তরের ওয়েব সাইট নির্ভুলভাবে সব সময় হালনাগাদ রাখতে হবে। সকল শাখার/প্রকল্পের হালনাগাদ তথ্য প্রোগ্রামারকে দিতে হবে এবং ডিআরআরও ও পিআইওসহ সকল কর্মকর্তাদের বদলীর কপি / অনুলিপি তাৎক্ষনিকভাবে প্রোগ্রামারকে প্রদান করবেন।<br>গ) ইমারজেন্সি অপারেশন ড্যাশবোর্ড মে ২০২৩ এর মধ্যে হালনাগাদ করতে হবে। ইমারজেন্সি অপারেশন ড্যাশবোর্ড হালনাগাদ করণ এর বিষয়ে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। প্রাথমিক পর্যায়ে পাইলটিং হিসেবে ১০ টি উপজেলায় | পরিচালক (এমআইএম)/ ও উপপরিচালক (এমআইএম) ও গ) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।<br><br>গ ও ঘ)উপপরি: (প্রশা-১) ও প্রোগ্রামার |

| ক্র. নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | ঘ) HRPMS সফটওয়ার আপডেটকরণ বিষয়ে আলোচনা।<br><br>ঙ) অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ জেলা/উপজেলা পর্যায়ে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তাদের সরকারী ই-মেইল ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা। এ বিষয়ে ইতোমধ্যে লিখিতভাবে নির্দেশনা জারী করা হয়েছে মর্মে উপপরিচালক ( প্রশাসন-১) সভায় উল্লেখ করেন। | প্রশিক্ষণ শুরু করা যেতে পারে।<br>ঘ) HRPMS সফটওয়ার সব সময় আপডেট রাখতে হবে এবং কোনো প্রকার অসংগতি পরিলক্ষিত হলে তা সংশ্লিষ্ট পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে সমাধান করে নিতে হবে।<br>ঙ) অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ জেলা/উপজেলা পর্যায়ে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তাগণ সরকারী ই-মেইল ব্যবহার করবেন, বিষয়টি নিশ্চিত করতে হবে। | ঙ)উপপরি: (প্রশা-১) ও প্রোগ্রামার |
| ১২ | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত। | (ক) পরিচালক (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, বন্যা-আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) প্রকল্প, মাটির রাস্তা এইচবিবিকরণ ও জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র কাম ত্রাণ গুদাম নির্মাণ, প্রভাতী প্রকল্পসহ ১৪ টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) (i) এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ১৫ জুন ২০২৩ এর মধ্যে সকল প্রকল্পের পিআইসি সভা আহবান করতে হবে।<br>(ii) এ অধিদপ্তরের সকল প্রকল্প এপিএ'র লক্ষমাত্রায় অন্তর্ভূক্ত করতে হবে এবং এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী অধিদপ্তরের পরিচালক/ উপ-পরিচালকসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ পরিদর্শন করে নিয়মিত প্রতিবেদন দিবেন এবং প্রতিবেদনের এক কপি পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে দিতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/ উপপরিচালক প্রশমন) |
| ১৩ | এপিএ বিষয়ে আলোচনা | ক) APA, শুদ্ধাচার পরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি-২০১৮, নথি বিনষ্টকরণ, শুদ্ধাচার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও ইনোভেশনসহ গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সকল প্রশিক্ষণ যথাসময়ে শুরু ও শেষ করার বিষয়ে আলোচনা হয়। | i) মাসিক সমন্বয় সভায় এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে আলোচনা এজেন্ডাভুক্ত করতে হবে এবং সমন্বয় সভার নোটিশেও তার প্রতিফলন থাকতে হবে।<br>ii) এপিএ'র লক্ষ্যমাত্রা যথাসময়ে যথাযথভাবে অর্জন নিশ্চিত করণের লক্ষ্যে টিআর/কাবিখা/ ইজিপিপি, দুর্যোগ সহনীয় বাসগৃহ/বীরনিবাস নির্মাণসহ সকল উন্নয়নমূলক প্রকল্পের কাজ মে ২০২৩ মাসের মধ্যে পরিদর্শন সম্পন্ন করতে হবে। পরিদর্শন প্রতিবেদন এর কপি সংশ্লিষ্ট পরিচালক এবং প্রকল্প পরিচালকসহ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে দিতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৪ | প্রশিক্ষণ ও গবেষণা অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত। | এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চালু রয়েছে মর্মে পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন। | ১. এপিএ'র লক্ষ্যমাত্রায় নির্ধারিত প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট প্রশিক্ষণ কার্যক্রম যথাসময়ে শেষ করতে হবে। | পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) |

| ক্র. নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১৫ | অধিদপ্তরের জনবল নিয়োগ। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রাজস্ব খাতের অবশিষ্ট শূন্যপদ পূরণ বিষয়ে আলোচনা করা হয়। বর্তমানে ৩য় শ্রেণির ১৫০টি এবং ৪র্থ শ্রেণির ২৩ টি মোট ১৭৩ টি পদে জনবল নিয়োগের ছাড়পত্র পাওয়া গেছে। নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। অদ্য ০৩.০৫.২০২৩ তারিখ বিকাল ৩.০০ টায় এ সংক্রান্তে এক সভা অনুষ্ঠিত হবে। | ক) দ্রুততম সময়ের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রাজস্ব খাতের অবশিষ্ট শূন্যপদ পূরণের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৬ | বিবিধ | ক) বাংলাদেশ সচিবালয় নির্দেশিকা মোতাবেক নথির শ্রেণিবিন্যাস করে বিধিমতে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রস্তুত, বিনষ্টকরণ এবং তালিকা সংরক্ষণ এর বিষয়ে আলোচনা করা হয়। | ক) i) বাংলাদেশ সচিবালয় নির্দেশিকা মোতাবেক নথির শ্রেণিবিন্যাস করে মে ২০২৩ এর মধ্যে বিনষ্টযোগ্য নথির তালিকা সংরক্ষণ করে নথিসমূহ বিধিমতে বিনষ্ট করতে হবে। বিনষ্টকৃত নথির তালিকা প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে। | ক) পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল) |
| | | খ) এ অধিদপ্তরের চলমান/সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ ও অর্জনসমূহ এ অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে আপলোড করণ এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খ) এ অধিদপ্তরের চলমান/ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ, ডিআরআরও/ পিআইও পদায়ন ও অর্জনসমূহ এ অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে ছবিসহ আপলোড করে হালনাগাদ রাখতে হবে। | খ) প্রোগ্রামার ও সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা |
| | | গ) এ অধিদপ্তরে ব্যবহৃত বিদ্যুৎ ২৫% ও জ্বালানি ব্যয় ২০% সাশ্রয়করণ এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।অধিদপ্তরের প্রতিটি রুমের প্রতিটি জানালায় ভার্টিক্যাল পর্দা ব্যবহারের পরামর্শ দেয়া হয়, যাতে সহজেই বাইরের আলো ভিতরে প্রবেশ করতে পারে এবং রুমে বৈদ্যুতিক লাইটের প্রয়োজন না হয়। তাছাড়া বিদ্যুৎ সংযোগ সবসময় নিরাপদ রাখা এবং বৈদ্যুতিক যন্ত্রাংশ মাঝে মধ্যে পরীক্ষা-নিরীক্ষা করার বিষয়ে আলোচনা করা হয়। | (গ) সংশ্লিষ্ট রুমে অবস্থানকারী কমকর্তা/ কর্মচারীগণ স্ব-স্ব রুম/কক্ষ ত্যাগ করার সময় ফ্যান, লাইট, কম্পিউটার এবং এসি'র সুইচ তাঁদের স্ব-উদ্যোগে বন্ধ করতে হবে। | গ)পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা /কর্মচারী |
| | | ঘ) ২০% জ্বালানী সাশ্রয়ের নিমিত্ত সিলিং এর অতিরিক্ত জ্বালানী গাড়ীতে ব্যবহার না করা, মাঠ পর্যায়ে বা ঢাকার বাইরে পরিদর্শনে যাবার ক্ষেত্রে সরকারী গাড়ী ব্যবহার না করা এবং ডিআরআরও/ পিআইওদের সাথে বিভিন্ন সভা Zoom এ করার বিষয়ে আলোচনা করা হয়। | (ঘ) ২০% জ্বালানী সাশ্রয়ের লক্ষ্যে:<br>(i) সিলিংয়ের ২০% কম জ্বালানী গাড়ীতে ব্যবহার অব্যাহত রাখতে হবে।<br>ii) মাঠ পর্যায়ে বা ঢাকার বাইরে পরিদর্শনে যাবার ক্ষেত্রে সরকারী গাড়ী ব্যবহার সীমিত করতে হবে এবং ডিআরআরও/ পিআইওদের সাথে মিটিং/সভা অন লাইনে Zoom এর মাধ্যমে আহবানের ব্যবস্থা করতে হবে। | ঘ)পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| | | ঙ) অধিদপ্তরের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনছার বাহিনী'র দায়িত্ব পালন এবং নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। | ঙ) অধিদপ্তরের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনছার বাহিনী'র সদস্যদের দৈনন্দিন হাজিরা যাচাই-বাছাই করতে হবে, কেহ অনুপস্থিত থাকলে ঐ দিনের বেতন/ভাতা কর্তন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন-২) বিষয়টি নিশ্চিত করবেন। |

০৩। সভার গুরুত্বপূর্ণ বিষয়সমূহ পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।
০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মিজানুর রহমান)
মহাপরিচালক
ফোন: ৫৮৮১৫৪৯৫

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.০৬.০০৮.১১.২. ৬৫৭ তারিখ: ২২.০৫.২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল), ..................................................., দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। জেলাপ্রশাসক, ................................................(সকল)।
৪। উপপরিচালক/ উপপ্রকল্প পরিচালক (সকল)............................................,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,........................................................(সকল)।
৬। নির্বাহী প্রকৌশলী (কাবিখা/মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরনীটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সহকারী পরিচালক/ সহকারী প্রকৌশলী (সকল),........................................, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। উচ্চমান সহকারী/হিসাবরক্ষক (সকল), ........................................, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

(মোহাম্মদ শফিউর রহমান)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-০২-২২২৬১৩৬০